# কমপিউটার জগতের খবর

ঘরে ঘরে ক্রিস্টমাস ট্রির নিচে বাচ্চাদের উপহার ছিল পিসি

## বড়দিন উপলক্ষে আমেরিকায় পিসি কেনার হিড়িক

(নিউ ইয়র্ক থেকে বিশেষ প্রতিনিধি)

বড়দিন উপলক্ষে আমেরিকার প্রায় সব স্থানেই পিসি বিক্রি হয়েছে অন্যান্য সামগ্রীর তুলনায় অনেক বেশি। গত বছরের তুলনায় এ বছর পিসি বিক্রি ৩২% বেড়ে রেকর্ড পরিমাণ (৫৮ লক্ষ) হয়েছে বলে বাজার গবেষণা প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ডাটা কর্পো. জানিয়েছে।

দুটি প্রধান কারণে ক্রেতারা পিসির প্রতি আকৃষ্ট হয়েছে। এখন কম দামে বেশি ক্ষমতাসম্পন্ন পিসি পাওয়া যাচ্ছে এবং প্রায় সব মডেলেই মাল্টিমিডিয়া ফিচার রয়েছে।

গত বছর কম্প্যাক কমপিউটার কর্পোরেশনের প্রায় ৪৫% Presario ডেস্কটপ পিসিতে মাল্টিমিডিয়া সংযুক্ত ছিল। নতুন বছরে সাধারণ ক্রেতাদের জন্য তৈরি Presario-র শতকরা ৯৫ ভাগেই রয়েছে এ সুবিধা। দাম রাখা হয়েছে ন্যূনতম ১৫০০ ডলার।

ক্রেতাদের আকৃষ্ট হওয়ার আর একটি কারণ হচ্ছে যে গত বছরের তুলনায় ইন্টেলভিত্তিক পিসির দাম কমেছে ৪০% ভাগ। সঙ্গে পাওয়া যাচ্ছে আরো অনেক বেশি ফিচার। বড়দিন উপলক্ষে চাহিদার পরিমাণ এত বেশি ছিল যে প্যাকার্ড বেল এবং এএসটি রিসার্চসহ অনেক কোম্পানীই ক্রেতাদের চাহিদা মাফিক পণ্য সরবরাহ করতে পারেনি।

ক্রিস্টমাস উপলক্ষে ক্রেতারা ২০০০ ডলারে এখন পেন্টিয়ামভিত্তিক পিসি কেনার জন্যও হুমড়ি খেয়ে পড়ছে। যদিও পেন্টিয়াম চিপে সামান্য ত্রুটি ধরা পড়েছে তবুও অনেক জায়গায় ৪৮৬-এর চেয়ে পেন্টিয়ামভিত্তিক পিসি বিক্রি হয়েছে বেশি। একটি গবেষণা প্রতিষ্ঠান জানিয়েছে ৬টি বড় বড় শহরে খুচরা দোকান মারফত বাচ্চা বা বড়দের জন্য যত পিসি বিক্রি হয়েছে তার তিন ভাগের একভাগই পেন্টিয়াম ভিত্তিক। এসার আমেরিকার ভাইস প্রেসিডেন্ট স্টীভ সুই মন্তব্য করেছেন 'বাচ্চারা এখন তাদের বাবাদের ব্যবহৃত পিসির থেকে বেশি ক্ষমতার পিসি চায়।' আর ছেলেমেয়েদের উজ্জ্বল ভবিষ্যতের জন্য মা-বাবাদের এখন প্রথম পছন্দ হচ্ছে পিসি। সফটওয়্যারের ব্যাপারে অনেক ক্ষেত্রে বাচ্চাদের পছন্দই প্রাধান্য পাচ্ছে।

এসারের মতে তাদের যত পিসি বিক্রি হয়েছে তার অর্ধেক পেন্টিয়ামভিত্তিক। ডেল বিক্রি করেছে অর্ধেকেরও বেশি পেন্টিয়ামভিত্তিক পিসি। এএসটি জানিয়েছে পর্যাপ্ত স্টক থাকলে তারা দ্বিগুণ পরিমাণ বিক্রি করতে পারতো। (উল্লেখ্য ক্রেতা চাহিদার কারণে ইন্টেল তার পেন্টিয়াম চিপের উৎপাদন ৬ থেকে ৮ গুণ বাড়িয়ে দিচ্ছে)।

এপলের বিক্রিও বেড়েছে গত বছরের তুলনায় ১৮% বেশি। বড়দিনে আগের সপ্তাহে তাদের বিক্রি প্রায় দ্বিগুণ বেড়ে গিয়েছিল।

বড়দিন উপলক্ষে সবচেয়ে লাভবান হয়েছে কম্প্যাক। তারা উৎপাদন বাড়িয়ে বিপুল পরিমাণ স্টক গড়ে তুলেছিল। চাহিদাও ছিল প্রচুর। অনেক স্টোরে ট্রাক থেকে মাল নামানোর সাথে সাথে তা বিক্রি হয়ে গেছে।

সবচেয়ে ক্ষতিগ্রস্থ হয়েছে বলে ধারণা করা হচ্ছে আইবিএমকে। তারা বাসা বাড়ীর উপযোগী খুব কম Aptiva পিসি নিয়ে খুব দেরিতে বাজারে নেমেছে। তবে আগামী কোয়ার্টারে তারা সরবরাহ বাড়াবে বলে জানা গেছে।

এবার ক্রিস্টমাসের আনন্দ সবচেয়ে বেশি উপভোগ করছে কমপিউটার ব্যবসায়ীরা আর পিসি উপহার পাওয়া বাচ্চারা। ○

## পিসি ম্যাগাজিনের দৃষ্টিতে ১৯৯৪ এর সেরা

বিশ্বের অন্যতম প্রধান কমপিউটর পত্রিকা পিসি ম্যাগাজিন অন্যান্য বারের মতো গত বছর ১৯৯৪ সালে বিশ্বজুড়ে আবির্ভূত কয়েক হাজার কমপিউটার সামগ্রীকে তাদের গবেষণাগারে ব্যাপক যাচাই বাছাইয়ের পর পঞ্চাশটি সামগ্রীকে সেরা পণ্য বলে নির্বাচিত করেছে।

পিসি ম্যাগাজিনের দৃষ্টিতে ১৯৯৪ সালের কয়েকটি সেরা পণ্য পাঠকদের জন্য তুলে ধরা হলো ঃ

**সেরা সিস্টেম ঃ** ১৯৫৭ ডলারের **Compaq Presario CDS 520**। বাসা-বাড়ি এবং ছোট অফিসের জন্য সর্বোত্তম ব্যবহারোপযোগী এ পিসি-সিস্টেম। এছাড়াও সেরা বিবেচিত আরও তিনটি সিস্টেম হলো **Compaq ProLiant 1000, Dell Dimension XPS P90** এবং **HP Vectra XU 5/90C.**

**সেরা অপারেটিং সিস্টেম ঃ** ৩১৯ ডলারের উইন্ডোজ এনটি ওয়ার্কস্টেশন, ভার্সন ৩.৫। ১৬ মে.বা. র‌্যামসহ ৪৮৬/৬৬ সিস্টেমে এটি চমৎকার কাজ করে। এছাড়া **OS/2 Warp 3** কেও সেরা অপারেটিং সিস্টেম বলা হয়েছে।

**সেরা পোর্টেবল পিসি ঃ** ৬৩৮৩ ডলারের **IBM Think Pad 755C**। ইন্টেল ডিএক্স ৪/৭৫ প্রসেসর, ৪ মে. বা. র‌্যাম, ৩৬ মে. বা. বর্ধিত র‌্যাম, ৫৪০ মে. বা. হার্ড ডিস্ক, অডিও-ফ্যাক্স-মডেমযুক্ত এই পিসি নোটবুক কমপিউটিং-এর জগতে এক নতুন সংযোজন। এছাড়াও সেরা হিসেবে সুপারিশ করা হয়েছে **Toshiba Portege T3600CT** মেশিনটিকে।

**লেসার প্রিন্টার ঃ** ৪০০ ডলারের **Brother HL-630** লেসার প্রিন্টার। প্রতিমিনিটে ৬ পৃষ্ঠা প্রিন্ট করা ছাড়াও এর মান সাধারণ পিসি ব্যবহারকারীদের জন্য অত্যন্ত সন্তোষজনক। এর পাশাপাশি ৩৭৯ ডলারের **HP Desk Jet 320, HP Laser Jet 4 Plus** এবং **Tektronix Phaser 440** কেও সুপারিশ করা হয়েছে। ○

## এবার কমপিউটারের সাথে বিনামূল্যে বিমান টিকিট

জানুয়ারীর ১৫ তারিখ থেকে যদি কেউ একটি কম্প্যাক প্রেসারিও কমপিউটার অথবা দুটো মাইক্রোসফটের 'হোম' সফটওয়্যার কেনে তাহলে বিশ্বের যে কোন জায়গায় তাদের গন্তব্যে যাবার জন্যে একটি বিমান টিকেট বিনামূল্যে প্রদান করবে ডেলটা এয়ার লাইনস ইন্ক। আবার কেউ যদি উক্ত কমপিউটার এবং প্রোগ্রামগুলোকে একই সাথে কেনে তবে তাকে দেয়া হবে দুটো বিমানটিকেট বিনামূল্যে। সম্প্রতি আমেরিকাতে ক্রেতা সাধারণকে আকর্ষণ করতে মাইক্রোসফট, কম্প্যাক এবং ডেলটা এয়ার লাইনস্ ইন্ক এক জোট হয়ে উপরোক্ত ঘোষণা দিয়েছে।○

কাগজের দুস্প্রাপ্যতার জন্য এ সংখ্যা কমপিউটার জগৎ প্রকাশিত হতে দেরী হওয়ায় আমরা আন্তরিক ভাবে দুঃখিত। স. ক. জ.

## উইন্ডোজ ৯৫-এর খবর

(কানাডা প্রতিনিধি)

উইন্ডোজ '৯৫ কে ঘিরে মাইক্রোসফট এবং ইন্টেল সম্প্রতি যৌথ উদ্যোগের ঘোষণা দিয়েছে। উইন্ডোজের এই নতুন সংস্করণে 'ইনফো সেন্টার ইউনিভার্সাল ইনবক্স', সিরিয়াল ডাটা কমিউনিকেশন আর্কিটেকচার, কণ্ঠপ্রযুক্তি, দূরবর্তী নেটওয়ার্ক সুবিধা, স্বয়ংক্রিয় ইন্টারনেট সংযোগ প্রভৃতি ফিচারসমূহ সরবরাহ করা হবে। পাশাপাশি কোম্পানী দুটি উইন্ডোজ '৯৫-এ টিএপিআই (Telephony Application Programmer Interface) সংযুক্তির কথা বলেছে।○

## কম্প্যাকের মালটিমিডিয়া নোটবুক

বিশ্বের নোটবুক কমপিউটার নির্মাণে শীর্ষ পাঁচের অন্যতম প্রধান কম্প্যাক কমপিউটার কর্পো. প্রতিদ্বন্দ্বী আইবিএম, ডিজিটাল ইকুইপমেন্ট কর্পো. এবং তোশিবার আগেই এ বছরের দ্বিতীয়ার্ধে বাজারে ছাড়বে মালটিমিডিয়া নোটবুক পিসি। ○

## পেন্টিয়াম বিষয়ক জটিলতা

আইবিএম এ পর্যন্ত ১ লক্ষ পেন্টিয়াম ভিত্তিক পিসি বিক্রি করেছে। এগুলোর চিপ বিনামূল্যে বদল করে দেবে বলে ঘোষণা দিয়েছে। এনইসিও তাই করেছে। এনইসি ৭৫০০০ পেন্টিয়াম চিপ বদল করে দেয়ার জন্য ইন্টেল কর্পো.কে জানিয়েছে। ইন্টেল কর্পো. চিপ বদল করে দিলেও একটি পিসিতে চিপ বদল করতে সার্ভিস চার্জসহ অন্যান্য যে আনুষঙ্গিক ব্যয় হবে তা কে বহন করবে এ নিয়ে জটিলতার নিরসন হচ্ছে না।

এ পর্যন্ত সর্বমোট ৪০ লক্ষ পেন্টিয়ামভিত্তিক পিসি বিক্রি হয়েছে। পেন্টিয়াম চিপে সামান্য ত্রুটি ধরা পড়া সত্ত্বেও ক্রেতারা আতঙ্কগ্রস্থ হয়নি এবং বিক্রিও তেমন ক্ষতিগ্রস্থ হচ্ছে না। ইন্টেল বলছে একজন সাধারণ ব্যবহারকারী পূর্বের চিপে ২৭০০০ বছরে মাত্র একবার ভুল ফলাফল পেতে পারে। ফলে কারো ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা অত্যন্ত নগণ্য। ○

## প্যাকার্ড বেল-এর খবর

১৯৯৫ সালে তৈরি প্যাকার্ড বেল-এর সমস্ত মডেলসমূহে উইন্ডোজ ৯৫ অপারেটিং সিস্টেম চালু করার ব্যবস্থা থাকবে। ○

## সার্ভিসিংয়ে বিশেষ সুযোগ

বনানীস্থ দি কমপিউটার্স এন্ড কমিউনিকেশন সিএনসি তাদের গ্রাহকদের জন্য বিনামূল্যে সার্ভিসিং এর ব্যবস্থা করেছে। সিএন্ডসির পরিচালকবৃন্দ জানিয়েছেন, তাদের নিকট থেকে যারা কমপিউটার বা অন্যান্য সামগ্রী ক্রয় করেছেন তাদেরকে আগামী তিন মাসব্যাপী বিনামূল্যে সার্ভিস দিবেন। মার্চের শেষ পর্যন্ত সিএন্ডসি'র প্রধান অফিসসহ ধানমন্ডি ও চট্টগ্রামের শাখা থেকে এ কার্যক্রম অব্যাহত থাকবে। এছাড়াও সেখান থেকে গ্রাহকগণ যে সফটওয়্যার নিয়েছেন তারও আপগ্রেড করবেন বিনামূল্যে। পরিচালকদ্বয় আরও জানিয়েছেন এ সময়ের মধ্যে যথেষ্ট আকর্ষণীয় মূল্যে কমপিউটার ও অন্যান্য সামগ্রী সরবরাহ করবেন।

গ্রাহক সেবা সুদৃঢ়ভাবে পালনের লক্ষ্যে তিনমাস ব্যাপী এ কার্যক্রম চলবে এবং এই সময়ে নতুন গ্রাহকদের জন্য থাকছে সংশ্লিষ্ট বিষয়ের উপর বিশেষ ট্রেনিং।

সিএন্ডসি'র বনানী এবং ধানমন্ডি অফিসে সম্প্রতি নতুন টেলিফোন লাইন সংযোজন করা হয়েছে। বনানী অফিসের নতুন ফোন নং ৮৭১১৪৫ এবং ধানমন্ডিস্থ অফিসের ফোন নং ৩১৫৪৪৭ চট্টগ্রামের ফোন নং ২২৬৩৩৭।

## মুহাম্মদ জাফর ইকবাল দেশে ফিরেছেন

স্বনামধন্য প্রযুক্তিবিদ এবং বৈজ্ঞানিক কল্পকাহিনী লেখক ডঃ মুহাম্মদ জাফর ইকবাল সম্প্রতি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিক্স এন্ড কমপিউটার সায়েন্স ডিপার্টমেন্টে চেয়ারম্যান পদে যোগদান করেছেন। এর আগে প্রফেসর ইকবাল যুক্তরাষ্ট্রে বেল কমিউনিকেশন রিচার্স-এ গবেষক হিসেবে কর্মরত ছিলেন। কমপিউটার জগৎ-কে তিনি জানান যে, যুক্তরাষ্ট্রের বিভিন্ন উচ্চপদে অনেক বাংলাদেশী নিজেদের স্থান করে নিয়েছেন এবং তারা প্রত্যেকেই দেশের জন্য সরাসরি অবদান রাখতে ইচ্ছুক। তিনি নিজেও দীর্ঘদিন ধরে দেশে ফেরার চিন্তাভাবনা করছিলেন। অবশেষে গত ১লা ডিসেম্বর সপরিবারে চলে আসেন। তার স্ত্রীও ঐ একই বিশ্বদ্যিালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগে প্রফেসর হিসেবে যোগ দিয়েছেন। দেশের অর্থনৈতিক ও প্রযুক্তিগত সীমাবদ্ধতাকে স্বীকার করলেও তার কর্মস্থলের পরিবেশ, সহকর্মীদের সহযোগিতা ও ছাত্র-ছাত্রীদের আন্তরিকতার কথা উল্লেখ করে ডঃ জাফর ইকবাল অত্যন্ত আশাবাদ পোষণ করেন এবং দেশের কমপিউটারায়নে অধিকতর ইতিবাচক পরিবর্তনের দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন। উল্লেখ্য, প্রবাসে থাকাকালীন তিনি মাসিক কমপিউটার জগৎ-এর আমেরিকা প্রতিনিধি হিসেবে দেশের তথ্য-প্রযুক্তির আন্দোলনে যথেষ্ট অবদান রেখেছেন। ○

## ১০০ মে. বা. ফ্লপি ডিস্ক

ইমোগা কর্পো. সম্প্রতি পিসিতে বেশি তথ্য ব্যবহারের জন্য জিপ (Zip) ড্রাইভ ও জিপ ডিস্ক বাজারে ছেড়েছে। ড্রাইভটি সহজে যে কোন পিসিতে সংযুক্ত করা সম্ভব আর ফ্লপি ডিস্কে ১০০ মে. বা. পর্যন্ত মেমরী সংরক্ষণ করা যায়। জিপ সিস্টেমের গড় এক্সেস (access) গতি ৩৯ মিলিসেকেন্ড। জিপ ড্রাইভের দাম ধরা হয়েছে প্রায় ২০০ ডলার এবং ১০০ মে. বা. জিপ ফ্লপি ডিস্ক পাওয়া যাবে ২০ ডলারে। ○

## থাইল্যান্ডে সুপার কমপিউটার

থাইল্যান্ডের ন্যাশনাল ইলেকট্রনিক্স এন্ড কমপিউটার টেকনোলজি সেন্টার (এনইসিটিইসি) সম্প্রতি ১ গিগাবাইট মেমরী সমৃদ্ধ দেশের প্রথম সুপার কমপিউটারটি ব্যাংককস্থ সংস্থার কমপিউটার সেন্টারে স্থাপন করেছে।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন সংস্থার অন্তর্গত এনইসিটিইসি হলো থাইল্যান্ডের প্রযুক্তি উন্নয়নের মূল চালিকা শক্তি। সংস্থাটি সরকারী, বেসরকারী এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে গবেষণায় অর্থ ও কারিগরি সহায়তা দেয়। ○

## নয়া দিল্লীতে NASSCOM '95 প্রদর্শনী

জানুয়ারীর ২৩ তারিখ ভারতের নয়া দিল্লীতে অনুষ্ঠিত হবে তিনদিন ব্যাপী বাণিজ্যমেলা NASSCOM '95। কমপিউটার আর টেলিকমিউনিকেশন প্রযুক্তির সর্বশেষ সংস্করণ নিয়ে মেলায় আসর জমাবে একশ'র অধিক তথ্য প্রযুক্তি নির্মাতা প্রতিষ্ঠান। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, জাপান, সিংগাপুর, অষ্ট্রেলিয়া ও জার্মানী হতে আসবে বাণিজ্য প্রতিনিধি দল।

জমজমাট এই আসরে, ধারণা করা হচ্ছে ১৫০০০ ক্রেতার সমাবেশ ঘটবে এবং ভারতীয় কোম্পানীসমূহ কমপক্ষে ১কোটি রুপির সফটওয়্যার বাণিজ্য চুক্তি সম্পাদন করবে। জানা যায়, গত বছরের মেলায় আগত দর্শকদের ৬১ শতাংশ ছিল নীতি নির্ধারক। ○

## ভারতে স্যাটেলাইট মানি অর্ডার সার্ভিস

দক্ষিণ ভারতীয় রাজ্য কেরালা এবং উত্তর ভারতীয় শহরগুলোর বাসিন্দারা পোষ্ট অফিসের মাধ্যমে নিয়মিত মানি অর্ডার যোগে অর্থ পেয়ে অভ্যস্ত। কারণ এই রাজ্য ও শহরগুলোর কর্মক্ষম জনগোষ্ঠীর বড় একটা অংশ কাজ করছে মধ্যপ্রাচ্যে এবং ভারতের অন্য সব রাজ্যে। তাদের জন্য অধিকতর সেবা নিশ্চিত করতে সম্প্রতি ভারতের ডাক ও তার বিভাগ পরীক্ষামূলকভাবে চালু করেছে ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার সিস্টেম। নাম দিয়েছে স্যাটেলাইট মানি অর্ডার সার্ভিস। প্রাথমিক পর্যায়ে দিল্লী, মাদ্রাজ, বাঙালোর, লক্ষ্ণৌ, পাটনা, সিমলাকে সার্ভিসের আওতায় আনা হয়েছে। এই পদ্ধতি পরিচালনায় ভি-স্যাট (V SAT) সিস্টেম ব্যবহার করা হবে। অর্থাৎ প্রতিটি পোষ্ট অফিস পয়েন্টে একটি করে পিসি থাকবে এবং পয়েন্টগুলো একে অপরের সাথে সংযুক্ত থাকবে স্যাটেলাইটের মাধ্যমে। মানি অর্ডারের খতিয়ান (হিসাব পদ্ধতি) স্যাটেলাইটের মাধ্যমে ইলেকট্রনিক্যালি এক পোষ্ট অফিস হতে অন্য পোষ্ট অফিসে পৌছে যাবে। ফলে পূর্বে যেখানে মানি অর্ডার প্রাপকের নিকট পৌছাতে সময় লাগতো ৩/৪ দিন নতুন ব্যবস্থায় তা পৌছে যাবে মাত্র একদিনে। ○

## ঘোষণা

কমপিউটার জগৎ শীঘ্রই বাংলাদেশে বিভিন্ন সংস্থায় বা প্রতিষ্ঠানে ব্যবহৃত সফটওয়্যার এবং সফটওয়্যার তৈরিকারী প্রতিষ্ঠান বা উদ্ভাবক সম্পর্কে প্রতিবেদন প্রকাশ করবে। এ ব্যাপারে বাংলাদেশে উদ্ভাবিত সফটওয়্যার প্রতিষ্ঠান বা ব্যবহারকারীদের সহৃদয় সহযোগিতা কামনা করছি।

## বাংলাদেশ কমপিউটার সোসাইটির নির্বাচন

৩০ ডিসেম্বর ১৯৯৪ ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউশন অব বাংলাদেশে এক অনাড়ম্বর পরিবেশে বাংলাদেশ কমপিউটার সোসাইটির নির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়। অধ্যাপক আব্দুল মতিন পাটোয়ারী আগামী এক বছরের জন্য বাংলাদেশ কমপিউটার সোসাইটির সভাপতি নির্বাচিত হন। সহ-সভাপতি নির্বাচিত হন অধ্যাপক এম আনোয়ারুল আজিম এবং অধ্যাপক রফিকুল ইসলাম শরীফ। সাধারণ সম্পাদক নির্বাচিত হন এম, এম, নুরুজ্জামান। যুগ্ম সম্পাদক আজিজ আহমেদ এবং এস, এম, জুলকাদির, কোষাধ্যক্ষ রশীদ সিদ্দিকী, কার্যকরী সদস্য হিসেবে নির্বাচিত হন অধ্যাপক ডঃ জামিলুর রেজা চৌধুরী, ডঃ আমিনুল হক, এ, কে, এম, ইমতিয়াজ আলী, মোঃ ওমর ফারুখ, মোঃ বদিউজ্জামান, মোঃ আতিকুল আহসান, আব্দুল জব্বার, মোঃ আফসার আলী, এম, এস, এইচ, মুরাদী এবং কাজী মাসুম সিদ্দিকী। এছাড়াও প্রাক্তন অফিসিও হিসেবে সদস্য নির্বাচিত হন জনাব এম, আনিসুর রহমান খান।

উল্লেখ্য কমপিউটার সমিতির নির্বাহী কমিটির এবারের নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন অধ্যাপক ডঃ শামসুদ্দীন আহমদ। এবং সহকারী নির্বাচন কমিশনারগণ ছিলেন ডঃ মোহাম্মদ লুৎফর রহমান, ডঃ এম, ফজলে-ইলাহী, অধ্যাপক এ, কে, এম, সদরুল ইসলাম, ডঃ এম কায়কোবাদ, মোঃ জাহাঙ্গীর আলম, সৈয়দ আরিফুজ্জামান, মোঃ মজিবুর রহমান এবং এ, এইচ, এম, মহিউদ্দিন।

বাংলাদেশ কমপিউটার সোসাইটি যদিও একটি বৃহৎ সংগঠন এবং যথেষ্ট মেধাবী লোকজনের সমাগম এখানে তবুও এর কার্যক্রম দীর্ঘদিন যাবৎ সংশ্লিষ্ট সকলকে মর্মাহত করছে। কারণ এতবড় একটি সংগঠন বাংলাদেশে তথ্য প্রযুক্তি প্রসারে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারতো কিন্তু তা হয়নি। এ ব্যাপারে সাধারণ সদস্যগণের মাঝে ক্ষোভের সৃষ্টি হতে দেখা গেছে। বাংলাদেশ কমপিউটার সোসাইটির সাধারণ সদস্যরা এর নীতি এবং সদস্যপদ দানের নিয়ম-নীতির সমালোচনা করেছেন।

বাংলাদেশ কমপিউটার সোসাইটিকে আরও জোরদার করে তোলার জন্য সাধারণ সদস্যগণ আহবান জানান। এব্যাপারে নির্বাচিত নির্বাহী কমিটির সদস্যগণও আশা প্রকাশ করে জানান যে, সোসাইটিকে আরও জোরদার করা হবে এবং এর কার্যক্রমকে প্রসারিত করা হবে।

এবারের নির্বাচনে উচ্চ পর্যায়ে এককভাবে প্রার্থী থাকায় বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হন। সেকারণে মূলতঃ নির্বাচন অনুষ্ঠিত হয় সদস্যপদের জন্য। ○

## এপসন হংকং এবং এজটেক এবার চীনে

সম্প্রতি তথ্য প্রযুক্তির দুই নির্মাণ প্রতিষ্ঠান এপসন হংকং এবং এজটেক চীনে বিনিয়োগ করেছে।

এপসন হংকং অফিস গড়েছে দক্ষিণ চীনে শীকুতে। মূলতঃ প্রযুক্তি সেবা প্রদান কোম্পানীর প্রাথমিক লক্ষ্য।

অন্যদিকে এজটেক কোম্পানী উৎপাদন কারখানা স্থাপন করেছে চীনের ডংগুয়ানে। এখানে তৈরি হবে সাউন্ড কার্ড এবং সিডি রকম ড্রাইভ। ○

## নট্রামস এর কর্মকর্তা প্রশিক্ষণ কোর্স

জাতীয় বহুভাষী সাঁটলিপি প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নট্রামস) গত ডিসেম্বর থেকে শুরু হয়েছে বিসিএস (প্রশাসন) এর ম্যাজিস্ট্রেটদের নিয়ে ২৭তম কর্মকর্তা প্রশিক্ষণ কোর্স। এক মাসব্যাপী এ প্রশিক্ষণ কোর্সটির উদ্বোধন করেছেন রাজশাহী বিভাগীয় কমিশনার জনাব আলহাজ্ব এম. আমিনুল ইসলাম।

রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল এই চারটি বিভাগ থেকে চারজন করে মোট ১৬ জন ম্যাজিস্ট্রেট অংশগ্রহণ করেছেন এই প্রশিক্ষণ কোর্সে। ✪

## যুক্তরাজ্যের বিটিএস এবার মধ্যপ্রাচ্যের বাজার দখলে

সম্প্রতি দুবাইতে অনুষ্ঠিত জিআইটেক্স প্রদর্শনীর মাধ্যমে যুক্তরাজ্যের লুটন ভিত্তিক কোম্পানী বিটিএস মধ্যপ্রাচ্যের বিভিন্ন প্রতিষ্ঠান থেকে এক মিলিয়ন ডলারের বেশী মূল্যের সামগ্রী সরবরাহের অর্ডার লাভ করেছে বলে কোম্পানীটি জানিয়েছে। বাংলাদেশ, ভারত, ও আমেরিকাসহ বিশ্বের প্রায় ২২টি দেশে সফল ব্যবসারত নেটওয়ার্ক কার্ডে, হাব, রিপিটার, ল্যান এডাপ্টার এবং ইউপিএস প্রস্তুতকারী এ বৃটিশ কোম্পানীটি মধ্যপ্রাচ্যে এই প্রথমবারের মতো প্রদর্শনীর আয়োজন করে। কোম্পানীটি সৌদি আরব, সিরিয়া, লেবানন, জর্দান, ওমান, বাহরাইন, আবুধাবীসহ মধ্যপ্রাচ্যের অপরাপর দেশগুলোয় শীঘ্রই তাদের ডিলার নিয়োগ করছে। ✪

## কমপিউটার বিজ্ঞানে এম. এস-সি. শেষ পর্বে ভর্তি

১৯৯২ সনের অথবা তৎপূর্বে, ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেকট্রনিক্স, পদার্থ বিজ্ঞান, গণিত, পরিসংখ্যান, একাউন্টিং, ম্যানেজমেন্ট, মার্কিটেং, ফিন্যান্স ও ব্যাংকিং এবং গণিত অথবা পরিসংখ্যান অনুষঙ্গী বিষয়সহ অন্য যে কোন বিষয়ে স্নাতক সম্মান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের নিকট হতে কমপিউটার বিজ্ঞান বিভাগের ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষের এমএসসি শেষ পর্ব শ্রেণীতে ভর্তির জন্য নির্ধারিত আবেদন পত্রের মাধ্যমে ভর্তি পরীক্ষার দরখাস্ত আহ্বান করা হয়েছে।

ভর্তি পরীক্ষার আবেদন পত্র গ্রহণ করা হয় ২ জানুয়ারী থেকে ১২ জানুয়ারী। ২০ জানুয়ারী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ✪

## কমপিউটার টাচের শিক্ষা সফর

গত ১৬ ডিসেম্বর ব্রাহ্মণবাড়িয়ার বৃহত্তম কমপিউটার প্রশিক্ষণ কেন্দ্র কমপিউটার টাচ শ্রীমঙ্গলের বি.টি.আর.আই.-এ তাদের শিক্ষা সফর '৯৪ সম্পন্ন করে। এ সফরের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন পরিচালক জনাব এস, এম, আজম। ✪

## সিঙ্গাপুরের টেক্সাস ইনস্ট্রুমেন্টস থাইল্যান্ডে চিপ তৈরি করবে

সিঙ্গাপুরের টেক্সাস ইন্সট্রুমেন্টস তাদের সামগ্রীতে ব্যবহারের জন্যে নিম্ন ধাপের প্রযুক্তির সিরামিক ইরেজেবল প্রোগ্রামেবল রম (ইপিরম) চিপ উৎপাদনের সাব-কন্ট্রাক্ট দিয়েছে থাইল্যান্ডের ব্যাংকক ভিত্তিক আলফাটেক নামক কোম্পানীকে চার থেকে ছ' মিলিয়ন ডলার মূল্য মানের কাজ করিয়ে নিতে টেক্সাস ইন্সট্রুমেন্টস সিঙ্গাপুরের বাইরের, প্রতিষ্ঠানের সাথে যুক্ত হচ্ছে কেননা এ কাজ সিঙ্গাপুরের কোনো কোম্পানীতে সম্পন্ন করা যাচ্ছিল না। ✪

## বাংলা অক্ষর কোডিং কমিটি

বিএসটিআই এর বাংলা অক্ষর কোডের মান নিয়ন্ত্রণের লক্ষ্যে গঠিত কোডিং কমিটি বিসিসির নির্বাহী পরিচালক আব্দুস সালামের নেতৃত্বে কাজ শুরু করেছে। গত ১৭ই ডিসেম্বর অনুষ্ঠিত কমিটির এক সভায় বাংলা কোডিং-এর খসড়া প্রস্তুতকাজে একটি সাব-কমিটি গঠন করা হয়। জানা গেছে যে, বিএসটিআই-এর প্রকৌশলী ফিরোজ আহমেদ উক্ত সাবকমিটির অধীনে যে খসড়া প্রস্তুত করেছেন তা ইতিপূর্বে বিসিসির প্রস্তাবিত খসড়াটি থেকে সম্পূর্ণ পৃথক এবং নতুন ধরনের। ✪

## এনইসির ক্রেতা আকর্ষণ

জাপানের এনইসি কোম্পানী তার জাপানী ক্রেতাদের জন্য এ বছরে স্বল্প মূল্যে পিসি দেবার চিন্তা করছে। ব্যক্তিগত উদ্যোগের আওতায় ক্রেতাদেরকে প্রায় ৯৯৩ ডলারের এনইসির ৯০০০সিরিজ মডেলের পিসিসমূহ দেয়া হবে। তাছাড়া কোম্পানী এ বছরে চীনের শেনঝিয়াং কমপিউটার ইউনিয়নের সাথে যৌথভাবে আইবিএম কম্প্যাটিবল পিসি তৈরি ও বিপণনের পরিকল্পনাও নিয়েছে। ✪

## কমপিউটার গ্রাফিক্স থেকে ৩৫ মিমি চলচ্চিত্র নির্মাণে সাফল্য

বাংলাদেশে এই প্রথমবারের মতো কমপিউটার গ্রাফিক্স থেকে ৩৫ মিমি চলচ্চিত্র এনিমেশন ও স্থিরচিত্র তৈরিতে সাফল্য লাভ করেছেন পুনা ফিল্ম ইনষ্টিটিউটের ডিপ্লোমাধারী চিত্রগ্রাহক শফিকুল ইসলাম স্বপন ও কমপিউটারবিদ মাহবুব আকন্দ। উদ্ভাবিত পদ্ধতিতে এ দেশেই কার্টুন ছবি, চলচ্চিত্রের টাইটেল এবং সুদৃশ্য গ্রাফিক্সটিক (যা দিয়ে ভিউকার্ড, পোস্টকার্ড তৈরিও সম্ভব) ইত্যাদি যে কোনো ধরনের এনিমেশন ছবি নির্মান করা যাবে। এসব কাজের জন্য বাংলাদেশকে আর বিদেশ নির্ভর হতে হবে না এবং সাশ্রয় ঘটবে বিপুল অর্থের। ✪

## ডাটাবেজসমূহের জন্য সেইফওয়র্ক্স-এর প্রস্তুতি

জাতীয় পর্যায়ের বিভিন্ন বাংলা ডাটাবেজ এর জন্য মৌলিক বাংলা ওয়ার্ডপ্রসেসর প্রস্তুতকারী 'দি সেইফওয়র্ক্স' তাদের প্রস্তুতির কথা জানিয়েছে। ইন্ডাষ্ট্রী ষ্ট্যান্ডার্ড ডাটাবেজসমূহে বাংলা সফল ভাবে ব্যবহার করতে সক্ষম তাদের এই সমাধান। এই ডাটাবেজ সমাধানের মাধ্যমে যে কোন বড় ধরণের বাংলা তথ্য ব্যাবস্থাপনা সহজেই করা যাবে। এক্ষেত্রে যে বিষয়টি এতদিন প্রযুক্তিগত অজ্ঞতার কারণে উপেক্ষিত ছিল তা করা হয়েছে এই ডাটাবেজে। যার ফলে সম্ভব হয়েছে এর সাহায্যে বাংলা আভিধানিক বিন্যাস (সর্টিং)। সেইফওয়র্ক্স এই ডাটাবেজ সমাধানে সর্টিংকে সর্বাধিক গুরুত্ব দিচ্ছে।

প্রস্তাবিত বাংলা জাতীয় ফন্টকোড ব্যবহার ডাটাবেজ-এর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ দিক, যা এই ডাটাবেজে যেকোন বাংলা ডাটা এন্ট্রি করা হলে তা অন্য যে কোন প্রোগ্রামে সহজেই স্থানান্তর করা যাবে বলে সেইফওয়র্ক্স থেকে জানা গেছে।

প্রস্তাবিত জাতীয় কি বোর্ড অর্ন্তভূক্ত রয়েছে এই ব্যবস্থায় প্রয়োজনে অপটিমা মুনীর এবং ডাটা এন্ট্রিকারীর সুবিধানুযায়ী কী-বোর্ড লে-আউট ব্যবহার করা যাবে। এতে নতুনভাবে ডাটা এন্ট্রি অপারেটর তৈরি করতে বেগ পেতে হবে না। তারা আরো জানায়, এই ডাটাবেজের একটি ডেমো ইতিমধ্যেই তৈরি আছে যা থেকে যে কোন কাজের ধারাগুলো বোঝা যাবে। ✪

## কালার প্রিন্টারের মুল্য হ্রাস

এইচপি সম্প্রতি তার দু ধরনের কালার ইঙ্কজেট প্রিন্টারের দাম ২০% থেকে ২৫% পর্যন্ত কমিয়েছে। তারা ডেস্কজেট ১২০০ সি কালার প্রিন্টারের মূল্য ১০০০ ডলার এবং ডেস্কজেট ১২০০ সি/পিএস মডেলের মূল্য ১৬০০ ডলারে নির্ধারণের ঘোষণা দিয়েছে। এর মাধ্যমে অধিকতর ব্যবসায়িক চাহিদা সৃষ্টি হবে বলে কোম্পানী ধারণা করছে। ✪

## ক্ষুদ্র ফ্ল্যাশ মেমোরী চিপ

ক্যালিফোর্নিয়ার সানডিস্ক কর্পো. সম্পূর্ণ নতুন ধরনের ম্যাচবাক্সের মতো ছোট মাত্র আধা আউন্স ওজনের 'ফ্ল্যাশ' মেমোরী চিপ সমৃদ্ধ-১৫ মেগাবাইট তথ্য ধারণক্ষম কম্প্যাক্ট ফ্ল্যাশ নামের মেমরী কার্ড উদ্ভাবন করেছে। পেজার, সেলুলার ফোন, ক্যামেরা ইত্যাদিতে ব্যবহারোপযোগী এই মেমোরী কার্ড বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেলেও তথ্য ধরে রাখতে সক্ষম। ✪

## পাওয়ার প্লেয়ার

সিডি-রম এবং টিভিযুক্ত পাওয়ার ম্যাকিনটোশ এপল এবং বানডাই নামক কোম্পানী 'পাওয়ার প্লেয়ার' নামে এমন একটি পিসি বাজারে ছাড়ছে যাতে সিডিরম এবং টিভির ফিচার যুক্ত রয়েছে। ✪

## পাঠকের মতামত

*(১৫ নং পৃষ্ঠার পর)*

শিক্ষা খুবই গুরুত্বপূর্ণ। তারা বলেন, আমাদের ইনস্টিটিউটে ইলেক্ট্রনিক্স বিভাগে বি,আই,টি থেকে পাশ করা ছয়জন অভিজ্ঞ শিক্ষক রয়েছেন। রয়েছে প্রয়োজনীয় যন্ত্রপাতি। তাই আশা রাখি কারিগরি শিক্ষা অধিদপ্তর আগামী এক বৎসরের মধ্যে এখানে কমপিউটার বিভাগ খুলবে। যোগাযোগ ব্যবস্থার সুবিধার কারণে এবং মনোরম প্রাকৃতিক সৌন্দর্যের মাঝে অবস্থিত চট্টগ্রাম পলিটেকনিকে কমপিউটার বিভাগ খোলা হলে এখানে অধ্যয়নরত শিক্ষার্থীরা একজন প্রশিক্ষিত কমপিউটারবিদ হিসেবে দেশের উন্নয়নে ভূমিকা রাখতে পারবে বলে তারা আশা করেন। তারা বলেন, আমাদের এখানে রম প্রোগ্রামিং সফটওয়্যারের ডাউনলোডসহ কমপিউটারের সকল জটিল বিষয় শিক্ষা দেয়া হয়। তাই আমাদের কমপিউটার বিভাগ আমাদের ফিরিয়ে দেয়া হোক।

ফারুক বিন সাদেক
চট্টগ্রাম


## আবশ্যক

প্রতিষ্ঠিত কমপিউটার কোম্পানীতে আকর্ষণীয় বেতনে নিম্ন লিখিত পদের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

১। প্রোগ্রামার- ১ জন
২। শিক্ষানবীশ প্রোগ্রামার- ২ জন
৩। মার্কেটিং অফিসার- ২ জন

শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে স্নাতক অথবা ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্সে ডিপ্লোমা। প্রোগ্রামার হিসেবে আবেদনকারীকে অভিজ্ঞ হতে হবে। খামের উপর পদের নাম উল্লেখ করে পূর্ণ বায়োডাটা ও দুইকপি ছবিসহ আবেদন পত্র পাঠানোর ঠিকানা ঃ বিজ্ঞাপন দাতা, প্রযত্নে- মাসিক কমপিউটার জগৎ, ১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা-১২০৫।

## স্বাগতম ইনফিনিটি

ঢাকায় ইনফিনিটি টেকনোলজি নামে একটি প্রতিষ্ঠান কমপিউটার যন্ত্রাংশ বিক্রি/ডাটা এন্ট্রির কাজ শুরু করেছে। আমরা ইনফিনিটিকে স্বাগতম জানাচ্ছি। যোগাযোগ ঃ ৮১০৬৮৫।

## ডেল-এর নতুন ওয়ার্কস্টেশন ডেস্কটপ এবং নোটবুক

আমেরিকার ডেল কোম্পানী এবার বেশ প্রতিযোগিতামূলক মূল্যে ইন্টেল ৪৮৬ এবং পেন্টিয়াম ভিত্তিক বিভিন্ন গতি ও সুবিধাসম্বলিত নতুন বেশকতক ওয়ার্কস্টেশন, ডেস্কটপ ও নোটবুক বাজারে ছেড়েছে। এর মধ্যে রয়েছে একেবারে আনকোড়া ৬৪ মে. বাইটে সম্প্রসারণযোগ্য ৪ মে. বা. র‍্যাম বিশিষ্ট ৩৩, ৫০, ৬৬ এবং ১০০ মে. হার্টজ প্রভৃতি গতিসম্পন্ন OptiPlex 486/C ওয়ার্কস্টেশন। আপগ্রেডযোগ্য এগুলোতে রয়েছে উন্নত বিদ্যুৎ ব্যবস্থাপনা, আইডিই ও ফ্ল্যাশ বাইওসসহ বহু সুবিধা, কোম্পানীটির পেন্টিয়াম ভিত্তিক দুটি ডেস্কটপ মডেল হচ্ছে OptiPlex 560/L এবং OptiPlex X590 প্রথমটি ৬০ মে. হার্টজ গতির আর দামে তুলনামূলকভাবে প্রায় ৪৮৬ মেশিনেরই সমান। এছাড়া রয়েছে ৩৩ এবং ৫০মে. হার্টজের ৪৮৬ প্রসেসর ভিত্তিক এওয়ার্ড বিজয়ী ধারার Latitude Notebook. বিস্তারিত জানতে যোগাযোগ করুন বাংলাদেশে ডেল এর পরিবেশ সিসকম লিঃ এর সাথে। ফোন ঃ ৮৮৬০৩২, ৬১০৪০২।

## পেন্টিয়াম ভিত্তিক পিসি বিক্রয়ে এটিএন্ডটির বিজয়ীরা

পেন্টিয়াম ভিত্তিক পিসি বিক্রয়ে এটিএন্ডটি কাংখিত সাফল্য অর্জন করেছে। এটিএন্ডটি ফ্রান্সের পিয়ের পাস্কাল মারটিন ক্রেডিট ডু নর্ড প্রতিষ্ঠান থেকে ওএস/২ এবং উইন্ডোজের পরিবেশে ব্যবহারের জন্য ১.৭ মিলিয়ন ডলারের ৬০০টি আমেরিকান গোল্ড ঈগল কয়েন এবং হাওয়ার্ড মিলার ডিস্ক ক্লক পেয়েছেন। অন্য দিকে পেন্টিয়াম ভিত্তিক স্লোগান ইনফরমেশন বিক্রয়ের ক্ষেত্রে প্রথম বিজয়ীযুগল হলেন Briam Circrea এবং Mark Itingo. এবং দ্বিতীয় বিজয়ীযুগল হলেন এটিএন্ডটির Brad Rice এবং Chris Meller. ঈগল গোল্ড কয়েন এবং ট্রাভেল এলার্ম ক্লক। ⭘

## কমপিউটার বিষয়ক উচ্চতর ডিগ্রী

ঢাকার শান্তিনগরে অবস্থিত কমপিউটার ট্রেনিং কলেজ সম্প্রতি কমপিউটার বিষয়ে উচ্চতর ডিপ্লোমা কোর্স শুরু করেছে ১৬মাসব্যাপী ডিপ্লোমার জন্য ন্যূনতম এইচএসসি বা 'ও' লেভেল পাশ হতে হবে। কিন্তু উচ্চতর ডিগ্রীর আগে তাদের ওখান থেকে তিন মাসের ডিপ্লোমা কোর্স সম্পন্ন করতে হবে। উচ্চতর ডিপ্লোমা কোর্স মোট চারটি সেমিস্টারে বিভক্ত। প্রতি বছর জানুয়ারী, মে এবং সেপ্টেম্বর মাসে এ ডিপ্লোমার জন্য ভর্তি করা হয়। এ ব্যাপারে বিস্তারিত জানার জন্য কলেজের অধ্যক্ষের সাথে যোগাযোগ করা যেতে পারে। ঠিকানা জিসিই, ১ সিদ্ধেশ্বরী লেন, ঢাকা। ফোন ঃ ৪০০২৩৪

## ম্যাপেল কমপিউটার্স-এর নতুন শো-রুম

পহেলা জানুয়ারী ১৯৯৫ থেকে ১৬ দিলকুশাস্থ ম্যাপেল কমপিউটার্স একই বিল্ডিংয়ের নীচ তলায় কমপিউটার এবং কমপিউটারের অন্যান্য সামগ্রীর পসরা সাজিয়ে শো'রুম খুলেছে। ম্যাপেল কমপিউটার্স মালেশিয়ায় উৎপাদিত প্রাইড ব্রান্ডের কমপিউটার বাজারজাত করছে। এছাড়াও কমপিউটারের আনুষাঙ্গিক সমস্ত পেরিফেরালসসহ নিজেদের উৎপাদিত কনসেপ্ট ব্রান্ডের ইউপিএস বিক্রয় করে আসছে।

কোম্পানী ইতোমধ্যে বেশ কিছু সফটওয়্যার তৈরি করেছে বলে জানিয়েছেন প্রতিষ্ঠানটির এক্সিকিউটিভ অফিসার মোঃ আসিফ।

তিনি আরো জানিয়েছেন তাঁরা পহেলা জানুয়ারী থেকে কমপিউটারের বিভিন্ন প্যাকেজ, প্রোগ্রামিং এবং হার্ডওয়্যার মেইন্টেন্যান্স-এর উপর প্রশিক্ষণ চালু করতে যাচ্ছেন। ⭘

## ভিডিও ক্যাসেট যুগ শেষ হয়ে যাবে?

আমরা বর্তমানে যে ভিডিও ক্যাসেট ব্যবহার করছি তার প্রচলন কমে যাবে। সনি কর্পো. এমন একটি ডিজিটাল ভিডিও ডিস্ক প্লেয়ার বাজারে ছেড়েছে যাতে বর্তমানের প্রচলিত সাধারণ সাইজের সিডিতে ভিসিআর-এর চেয়ে অনেক নিখুঁত ছবি দেখা যাবে। র‍্যান্ডম এক্সেস সুবিধা থাকায় এর যে কোন অংশ তাৎক্ষণিকভাবে দেখা যাবে। ক্যাসেট রিওয়াইনডিংয়ের ঝামেলাও আর থাকবে না। ⭘

## উইন্ডোজ ভিডিও কার্ড

(কানাডা প্রতিনিধি)

ট্রুভিশন তাদের টারগা ২০০০ নামের উইন্ডোজ ভিডিও কার্ডের ঘোষণা দিয়েছে। এটি মাইক্রোসফটের উইন্ডোজ উপযোগী একমাত্র ফুল মোশন ৬৪০ এক্স ৪৮০ পিক্সেল ভিডিও ক্যাপচার এবং প্লেব্যাক কার্ড বলে কোম্পানী সূত্রে জানা গেছে। ⭘

## সোনালী ব্যাংক – লিডস্ চুক্তি

সম্প্রতি দেশের শীর্ষস্থানীয় কমপিউটার সরবরাহকারী প্রতিষ্ঠান লিডস্ কর্পোরেশন লিঃ সোনালী ব্যাংকের ঢাকা বিশ্ববিদ্যালয়, রমনা ও ওয়াপদা শাখায় কমপিউটার সিস্টেমস্ সরবরাহের দায়িত্ব পায়। লিডস্ এটিএন্ডটির কমপিউটার ও ব্রাঞ্চ–ব্যাংকিং সফটওয়্যার পিসিব্যাংক এম দিয়ে এই ব্রাঞ্চগুলোতে কমপিউটারায়ন করছে। ওয়াপদা শাখার কমপিউটারায়ন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সোনালী ব্যাংকের চেয়ারম্যান ইকবাল মাহমুদ, ব্যাবস্থাপনা পরিচালক জনাব আহসানুল হক, লিডস্ কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব শেখ আবদুল আজীজ এবং সফটওয়্যার ম্যানেজার শাহিদা মোস্তাফিজ।

ঢাকা বিশ্ববিদালয় শাখা কমপিউটারায়ণের উদ্বোধন করেন ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদ। সোনালী ব্যাংক ও লিডসের উর্দ্ধতন কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ⭘

## এসার সম্মেলনে ডলফিন

এসারের বার্ষিক পরিবেশক সম্মেলনে অংশ নেয়ার জন্য ঢাকার ডলফিন কমপিউটার্সের নির্বাহী পরিচালক জনবা আহমেদ হাসান ইন্দোনেশিয়ার বালিতে যাচ্ছেন। ১৮–২১ জানুয়ারীতে অনুষ্ঠিতব্য গুরুত্বপূর্ণ এই সম্মলনে বাংলাদেশ থেকে শুধুমাত্র ডলফিন কমপিউটার্সকে আমন্ত্রণ জানানো হয়েছে বলে জানা গেছে। ⭘

## পাঠকের প্রতি

কমপিউটার বিষয়ক আপনার যেকোন লেখা, চমকপ্রদ অভিজ্ঞতা, আইডিয়া, সফটওয়্যার টিপস্ লিখে পাঠালে আমরা তা কমপিউটার জগৎ-এ প্রকাশ করতে পারলে আনন্দিত হবো। ছাপানো লেখার জন্য লেখকদের যথাযথ সম্মানী দেয়া হয়।

## ইসলামী ব্যাংক কমপিউটারায়নে মাল্টিলিংক

সম্প্রতি ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ কমপিউটারাইজ করার ব্যাপক পরিকল্পনা গ্রহন করে। এ পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সমগ্র পণ্য এবং সার্ভিস প্রদানের কাজটি পায় মাল্টিলিংক ইন্টারন্যাশনাল কোঃ লিঃ। মাল্টিলিংক যে, ইসলামী ব্যাংকে আগামী দুই বৎসরের মধ্যে তাদের সমস্ত ব্রাঞ্চগুলো কমপিউটার নেটওয়ার্কের আওতায় আনার পরিকল্পনা গ্রহণ করেছে। এর অংশ হিসেবে মাল্টিলিংক উঁচুমানের নেটসার্ভার সরবরাহ করবে এবং ইসলামী ব্যাংকের কমপিউটার ব্যবহারকারীগণকে প্রশিক্ষণ প্রদান করবে। বাংলাদেশের বেসরকারী ব্যাংকিংয়ে এটি একটি উল্লেখযোগ্য ঘটনা এবং পাশাপাশি গ্রাহকরা পাবেন আন্তর্জাতিক মানের কমপিউটারাইজড ব্যাংকিং সুযোগ সুবিধা। আর দেশীয় কোম্পানি হিসেবে মাল্টিলিংক এই প্রকল্প সম্পাদনের মাধ্যমে বাংলাদেশে ব্যাংকিং ক্ষেত্রে ও অন্যান্য ক্ষেত্রে কমপিউটারায়নে একটি উল্লেখযোগ্য অবদান রাখবে। ডানে ছবিতে দেখা যাচ্ছে, মাল্টিলিংকের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করছেন কোম্পানীর ম্যানেজিং ডিরেক্টর জনাব মাহফুজুর রহমান ও ইসলামী ব্যাংকের পক্ষে সহ-সভাপতি এম. এ. হান্নান। চুক্তি সম্পাদন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাল্টিলিংকের চেয়ারম্যান বি. মান্নান, নির্বাহী পরিচালক শহিদুজ্জামান ও ইসলামী ব্যাংকের উর্ধতন কর্মকর্তারা।



## ইলেকট্রনিক স্বাক্ষর

ই-মেইল, ইন্টারনেট প্রভৃতি কমপিউটার নিয়ন্ত্রিত সিস্টেম ব্যবহারকারীদের জন্য যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ইনষ্টিটিউট অফ ষ্ট্যান্ডার্ড এন্ড টেকনোলজী সম্প্রতি ডিজিটাল সিগনেচার ষ্ট্যান্ডার্ড (ডিএসএস) চালু করার প্রস্তাব নিয়েছে। এর ফলে ইলেকট্রনিক অফিস সিস্টেমের আওতায় হিসাব রক্ষণ, ব্যাংকিং এবং আদালতে স্বাক্ষরযুক্ত দলিলাদি হস্তান্তরের বিশ্বাসযোগ্যতার সৃষ্টি হবে। ইতোমধ্যেই এটিএন্ডটি ডিএসএ নামের এ ধরনের ১৫০ ডলার মূল্যের একটি সফটওয়্যার বাজারে ছেড়েছে। ✪

## কমপিউটার প্রযুক্তিতে হীরা

দ্রুতগতির কমপিউটারের লক্ষ্যে বিজ্ঞানীরা অবশেষে উচ্চমূল্যের হীরক রত্নের দ্বারস্থ হতে চলেছেন। হীরার সুক্ষ পাতের তাপ সহনশীলতা রাসায়নিক গঠন তাপীয় পরিবাহিতা এবং অনেকদিন টিকে থাকার বৈশিষ্ট্যসমূহকে কাজে লাগিয়ে প্রকৌশলীরা সিলিকনের চাইতেও অধিক ট্রানজিষ্টরের সমন্বয়ে কমপিউটার চিপ তৈরির আশা করছেন। তাছাড়া প্রচলিত ফ্লাট প্যানেল ডিসপ্লে পদ্ধতিতেও হীরা ব্যবহার করে আরও দীর্ঘক্ষণ আউটপুট করা সম্ভব হবে বলে ম্যাসাচুসেটসের এপ্লাইড সায়েন্স টেকনোলজী কর্পো. এর গবেষকরা জানিয়েছেন। ✪

## উইন্ডোজ-'৯৫ এখনো আসেনি

মাইক্রোসফট তার বহুপ্রতিক্ষীত উইন্ডোজ ৩.১ এর পরবর্তী সংস্করণটি অবশেষে ১৯৯৫-এর মে নাগাদ বাজারে ছাড়ার সিদ্ধান্ত নিয়েছে। 'শিকাগো' কোড নামের উইন্ডোজ ভার্সনটি উইন্ডোজ '৯৫ নামে কোন রকম ডস ছাড়াই চলতে পারবে। ✪

## অবশেষে এএমডি অধিকার পেল

এ এমডি (Advanced Micro Divices) সম্প্রতি ইন্টেলের পুরনো একটি মডেলের মাইক্রোপ্রসেসর তৈরি করার আইনগত লড়াইয়ে ক্যালিফোর্নিয়ার সুপ্রীম কোর্টের রুলিং পেয়েছে। তাছাড়া অন্য একটি রায়ে তারা ইন্টেলের ৪৮৬ লাইনের প্রসেসর ক্লোন (Clone) সংক্রান্ত মাইক্রোকোড ব্যবহার করার অধিকারও পেয়েছে। ইন্টেলের পাশাপাশি চিপ উৎপাদন ও বিপণনের আইনগত অধিকার পাওয়ায় উৎফুল্ল এ এমডি কর্তৃপক্ষ শীঘ্রই কে-৫ নামের নতুন প্রসেসরের দিকে মনোযোগ দিচ্ছে। বলাবাহুল্য কে-৫ হচ্ছে ইন্টেলের সর্বশেষ সংস্করণ পেন্টিয়াম চিপের ক্লোন।

## ম্যাকের জন্য ডিজিটাল ভিডিও ক্যামেরা

Connectix QuickCam নামে ম্যাকের জন্য একটি সস্তা (১৩৯ পাউন্ড ষ্টার্লিং) দামের ভিডিও ক্যামেরা বাজারজাত করা হচ্ছে। এটিকে ম্যাকের সিরিয়াল পোর্টের সাথে যুক্ত করে ব্যবহার করা যায়। এতে Quick-Time চলচ্চিত্র, স্থিরচিত্র এবং শব্দ ধারণ করা যায়। এর সঙ্গে একটি মাইক্রোফোনও রয়েছে।

কুইকক্যামের সাথে একটি ভিডিও রেকর্ডার অ্যাপ্লিকেশন দেয়া হয় যার সাহায্যে Quick-Time চলচ্চিত্র রেকর্ড এবং এডিট করা যায়। সাথে রয়েছে এমন এক্সেসরীজ যা দিয়ে PICT ফরমাটে ডিজিটাল স্থিরচিত্র তোলা যায় তখন QuickCam সজ্জিত আপনার ম্যাকটি একটি স্থির ক্যামেরার কাজ করবে।

## AST'র পারসেপটা

এএসটি রিসার্চ ইনক্ বাজারে ছেড়েছে নেটওয়ার্ক সার্ভার ম্যানেজমেন্ট টুল 'পারসেপটা'। এটি কোম্পানীর ম্যানহ্যাটন পি, জি, এবং ডি সিরিজের সার্ভারের জন্য অনন্য ফিচার হিসেবে বিবেচিত হচ্ছে। এতে রয়েছে গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস যা সার্ভার সিস্টেম এবং সাবসিস্টেমের ইমেজের প্রতিচ্ছবি প্রস্ফুটিত করে। ব্যবহারকারী মাউস ক্লীক করে যে কোন সাব সিস্টেমে বাড়তি তথ্য পেতে পারবেন পারসেপটা ব্যবহারের ফলে যা আগে সম্ভব ছিল না। ✪

## এলজিইডি-মাল্টিলিংক চুক্তি

সম্প্রতি মাল্টিলিংকের সাথে এলজিইডি'র ৩টি প্রকল্পে কমপিউটার, প্রিন্টার ও ইউপিএস সরবরাহের জন্য একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এলজিইডির পক্ষে প্রকল্প পরিচালক এবং মাল্টিলিংকের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন কোম্পানীর তরুন নির্বাহী পরিচালক জনাব শহিদুজ্জামান। জনাব শহিদুজ্জামান চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের পরপর কমপিউটার জগৎকে জানান যে, মাল্টিলিংক ভবিষ্যতেও এলজিইডিকে সহযোগিতা করার বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করবে।

নদী খনন, ২য় শহর অবকাঠামো ও ২য় জেলা প্রকল্পে সরবরাহ করা হবে পৃথিবী বিখ্যাত হিউলেট-প্যাকার্ড কোম্পানীর (HP) কুড়িটি এইচপি ভেকট্রা সিরিজের কমপিউটার ও এইচপি প্রিন্টার। "এলজিইডি'র কমপিউটায়নে মাল্টিলিংক সক্রিয় অংশগ্রহন করতে পেরে অত্যন্ত গর্বিত"- জানালেন এমডি জনাব মাহফুজুর রহমান যিনি চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

খুব অল্প সময় হলো এদেশে এইচপি বিপনন হচ্ছে। সেদিক দিয়ে বিবেচনা করলে এ ধরনের বড় বড় চুক্তি নিঃসন্দেহে এইচপিকে অদূর ভবিষ্যতে আরো উল্লেখযোগ্য বিপননে এগিয়ে নিয়ে যাবে। ✪

## ইউএস ট্রেড শো

৪র্থ বারের মতো ১২ জানুয়ারী শুরু হচ্ছে ইউএস ট্রেড শো' ৯৫ হোটেল শেরাটনে।

## বাংলাদেশে কমপিউটার বিজ্ঞানে আন্তর্জাতিক বিএসসি অনার্স কোর্স

ঢাকার "মাইক্রোল্যান্ড ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব কমপিউটার এন্ড ইলেক্ট্রনিক্স" নামক প্রতিষ্ঠান লন্ডন বিশ্ববিদ্যালয়ের গোল্ডস্মীথ কলেজের আওতায় "কমপিউটিং ও ইনফরমেশন বিজ্ঞান" বিষয়ে বিএসসি অনার্স ডিগ্রী কোর্স চালু করেছে। ইতোমধ্যেই মাইক্রোল্যান্ড প্রথম বর্ষের কোর্স শুরু করেছে এবং পরবর্তী সেশনের ভর্তির জন্য আবেদন পত্র আহবান করেছে। মূলতঃ তিনটি লেভেলে বিভক্ত মড্যুলার কোর্সের ভিত্তিতে বিএসসি ডিগ্রী তিন বছরে (পূর্ণকালীন) কিংবা চার বছরে (খন্ডকালীন) সম্পন্ন করার সুবিধা রয়েছে। কোর্স সম্পন্ন করার সামগ্রিক দায়িত্ব মাইক্রোল্যান্ড নিয়ে থাকে এবং সমস্ত পরীক্ষাই বৃটিশ কাউন্সিলে অনুষ্ঠিত হয়। মাইক্রোল্যান্ডে কোর্স সম্পন্ন করার ফলে দেশে বসেই আন্তর্জাতিক মানের শিক্ষালাভ সম্ভব হচ্ছে। যারা গাণিতিক বিষয়সহ কমপক্ষে দুটি বিষয়ে জিসিই এ লেভেল পাশ এবং ন্যূনতম সি গ্রেডে তিনটি বিষয়ে জিসিই ও লেভেল উত্তীর্ণ হয়েছে অথবা যারা বিএ/বিএসসি/বি. কম পাশ করেছে তারা এই উচ্চতর ডিগ্রী কোর্সে ভর্তি হতে পারে। ✪

## ইসলামীক ফাউন্ডেশনের অনুমতি এখনো পাওয়া যায়নি।
## ঐশী প্রসঙ্গে সেইফওয়র্ক্স

বেশ কিছুদিন আগে সেইফওর্য়ক্স ঘোষণা করে বাংলা ডাটাবেজে কোরান শরীফ প্রকাশের। কিন্তু এখনও সেটা প্রকাশিত হয়নি। এ ব্যাপারে সেইফ ওর্য়ক্সের পক্ষে থেকে বলা হয় যে, ইসলামীক ফাউন্ডেশনের অনুমতি ছাড়া এটা প্রকাশ করা যাবে না। কারন কোরান শরীফের অনুবাদের স্বত্ব ইসলামীক ফাউন্ডেশনের। অনেক আগেই তাদের কাছে অনুবাদ ব্যবহারের অনুমতি চাওয়া হলেও তারা এখনো লিখিত ভাবে কিছুই জানায়নি। এজন্য বাংলায় কোরান শরীফের ডাটাবেজ প্রকাশ করা সম্ভব হয়নি। পূর্ব ঘোষণা দেয়া স্বত্বেও যথাসময়ে ঐশী প্রকাশিত না হওয়ায় সেইফওর্য়ক্স আন্তরিক দুঃখ প্রকাশ করেছে। তারা আরো জানিয়েছেন, অনুমতি পাওয়ার পরপরই ঐশী আগ্রহীদের বিনামূল্যে সরবরাহ করা হবে। ✪

## লোটাসের এমি প্রো
(কানাডা প্রতিনিধি)

অবশেষে লোটাস কর্পো. তাদের এসসিও (SCO) ইউনিক্স, এইচপি-ইউএক্স, এবং আইবিএম এআইএক্স ফিচারসমূহের প্রথম ভার্সনটির নতুন সংস্করণ বের করার চিন্তা করছে। তারা বাজারে নতুন এমি প্রো ৩.০ সরবরাহের আশা প্রকাশ করছে। ✪

## কমপিউটার সাংবাদিক সমিতির সভা ১৮ জানুয়ারী

বাংলাদেশ কমপিউটার সাংবাদিক সমিতির পরবর্তী সভা ১৮ জানুয়ারী ৪৪/সি ইন্দিরা রোড (দি সেইফওর্য়ক্স) এ অনুষ্ঠিত হবে, সন্ধ্যা ৬ টায়। সকল সদস্য এবং সদস্য হতে ইচ্ছুকদের সবাইকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়েছে। ✪

## চট্টগ্রামে আইটি রিসার্চ-এর প্রশংসনীয় কার্যক্রম

১ সেপ্টেম্বর '৯৪ এ প্রতিষ্ঠার পর থেকে ইনফরমেশন টেকনোলজি রিসার্চ এর চট্টগ্রাম শাখা নব নব উদ্যোগ গ্রহণের মাধ্যমে তার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। আগ্রাবাদের ফেটী বিল্ডিং-এর চার তলায় অবস্থিত এই গবেষণা প্রতিষ্ঠানে কমপিউটার সায়েন্স-এ বিদেশে প্রশিক্ষিত কমপিউটারবিদদের তত্ত্বাবধানে প্রকৌশলী, ডাক্তার এবং বিভিন্ন পেশাজীবীদের জন্য স্বতন্ত্র, কমপিউটার কোর্সসহ দীর্ঘ মেয়াদী ডিপ্লোমা কোর্স চালু রয়েছে।

এখানে প্রোগ্রামিং প্রশিক্ষণ দেওয়া হয় ব্যতিক্রম পদ্ধতিতে। প্রোগ্রামিং এর প্রশিক্ষণ হয় দীর্ঘ মেয়াদী এবং প্রোগ্রামিং শিক্ষার্থীকে নির্দিষ্ট প্রকল্প নিয়ে কাজ করতে হয়। গত ডিসেম্বর আইটি রিসার্চে ই, ডি, পি, এসিষ্ট্যান্টদের এক নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে মোট ৬০ জন প্রার্থী অংশ গ্রহন করেন। ২০ জন প্রার্থীকে মেধানুযায়ী নির্বাচন করা হয়। ই, ডি, পি, এসিস্ট্যান্টগন একটি বিদেশী প্রতিষ্ঠানের ডাটাএন্ট্রির কাজ করবেন বলে জানা গেছে। আই, টি, রিসার্চে এর চট্টগ্রাম অঞ্চলের পরিচালক জনাব এস, এ, সাব্বির আখন্দ এবং মিঃ সুরোদাস পরীক্ষা পরিচালনা করেন। উল্লেখ্য আই, টি, রিসার্চ এবাকাস এন্ড অটোমেশন এর একটি সহযোগী প্রতিষ্ঠান। ✪